শিশুদের জন্য বাইবেল

নিবেদন করছে

ঈশ্বর অব্রাহামের ভালবাসার পরীক্ষা নিলেন।

Written by: Edward Hughes
Illustrated by: Byron Unger; Lazarus
Adapted by: M. Maillot; Tammy S.
Translated by: Shankar Sikder
প্রযোজনায়: শিশুদের জন্য বাইবেল
www.M1914.org

BFC
PO Box 3
Winnipeg, MB R3C 2G1
Canada

©2009 Bible for Children, Inc
স্বত্তাধিকার:গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা।

একরাতে ঈশ্বর অব্রাহামকে এক অদ্ভুত আজ্ঞা দিলেন। অব্রাহাম তার ছেলে ইস্‌হাক অপেক্ষা ঈশ্বরকে বেশী ভাল বাসে কিনা তা দেখার জন্য এটা ছিল তার একটি পরীক্ষা।

“তোমার ছেলে ইস্‌হাককে লও এবং পোড়ানো-উৎসর্গ হিসাবে উৎসর্গ কর” ঈশ্বর এই আজ্ঞা দিলেন। ইস্‌হাককে উৎসর্গ? তার ছেলেকে বলিদান? সেটা অব্রাহামের জন্য খুব কঠিন ছিল। কারন তিনি তার ছেলেকে খুব ভাল বাসতেন।

কিন্তু অব্রাহাম ঈশ্বরের প্রতি বিশ্বস্ড় থাকার শিক্ষা লাভ করেছিলেন এমনকি যখন তিনি কিছুই বুঝতেন না তখনও। সেদিন সকালে অব্রাহাম তার ছেলে ইস্‌হাক ও দুজন দাসকে সংগে নিয়ে পাহাড়ে বলিদান করার জন্য গেলেন।



যাত্রা করার পূর্বে অব্রাহাম পোড়ানো-উৎসর্গের জন্য কাঠের টুকরো এবং আগুন সংগে করে নিয়ে গিয়েছিলেন। অব্রাহাম ঈশ্বরের বাধ্য থাকতে চেয়েছিলেন।



তিনদিন পর তারা পর্বতের কাছে পৌঁছাল। “এখানে দাঁড়াও” অব্রাহাম তার দুই চাকরকে বললেন। “আমরা উপাসনার জন্য যাব এবং আবার তোমাদের কাছে ফিরে আসব।” ইস্‌হাক কাঠগুলো নিয়েছিল; অব্রাহাম আগুন এবং একটি ছুরি নিয়েছিলেন।

ইস্‌হাক জিজ্ঞাসা করল, “পোড়ানো-
উৎসর্গের জন্য ভেড়া কোথায়?”
অব্রাহাম বললেন “ঈশ্বর নিজেই
ভেড়া যোগিয়ে দেবেন।”

তারা দুজন ঠিক একই জায়গায় এসেছিলেন যেখানে ঈশ্বর চেয়েছিলেন। সেই জায়গায় অব্রাহাম বেদী নির্মান করলেন এবং ঈশ্বরের উদ্দেশ্যে পোড়ানো উৎসর্গের জন্য কাঠ নিয়ে আসলেন। অব্রাহাম আরও অনেক বেদী নির্মান করেছিলেন। কিন্তু এটি ছিল তার জীবনে সত্যিই অনেক কষ্টের।



অব্রাহাম তার
অত্যন্ড় প্রিয় পুত্র
ইস্‌হাককে হাত-পা
বেঁধে বেদীর উপর রাখলেন।
আসলেই কি অব্রাহাম তার
একমাত্র প্রিয় পুত্র ইস্‌হাককে ঈশ্বরের
কথামত উৎসর্গ করতে গিয়েছিলেন? হ্যাঁ!
অব্রাহামের ধারালো খড়্গ উপর
উঠিয়াছিল। যদিও তার হৃদয় বিদীর্ণ
হয়েছিল কিন্তু আব্রাহাম জানতেন
তাকে অবশ্যই ঈশ্বরের আজ্ঞা
পালন করতে হবে।

“দাঁড়াও”! ঈশ্বরের দূত চিৎকার করে একথা বলে উঠল। “এখন আমি বুঝতে পেরেছি তুমি ঈশ্বরকে ভয় কর। তুমি তোমার একমাত্র সন্তানকে, অদ্বিতীয় সন্তানকে, আমার উদ্দেশ্যে উৎসর্গ করতে পিছপা হওনি।”

ঝোপের মধ্যে একটি ভেড়া দেখতে পেয়ে অব্রাহাম ইস্‌হাকের বাঁধন খুলে দিল এবং তার পরিবর্তে সেই ভেড়াটি বলি দিল। ইস্‌হাক হয়তো ভেবেছিল, "আমার বাবা যা চেয়েছেন ঈশ্বর তাই দিয়েছেন।"

পিতা এবং পুত্রের প্রার্থনা শুনে ঈশ্বরের দূত অব্রাহামকে বললেন, "তোমার সন্ড়্নদের মধ্যে সমস্ড় জাতি আশীর্বাদ প্রাপ্ত হবে। কেননা তুমি বাধ্য ছিলে।" কোন একদিন অব্রাহামের উত্তর সুরীর মধ্যেই যীশুর আগমন ঘটবে।

অব্রাহাম এবং ইস্‌হাক ঘরে ফিরে আসল। কিছু দিন পর দুঃখ নেমে আসল। সারা মারা গেল। এতে অব্রাহাম তার স্ত্রীকে হারাল এবং ইস্‌হাক তার মাকে হারাল।

অন্ত্যেষ্টিক্রিয়া সম্পাদন করে, অব্রাহাম তার প্রধান দাসকে ইস্‌হাকের জন্য কনে খুঁজতে পাঠালেন।

সেই দাস অব্রাহামের পুরাতন
বাসভূমিতে গেল যেন সেখানে
তাদের আত্নীয়-স্বজনদের মধ্য হতে
ইস্হাকের জন্য একটি কনে পাওয়া যায়।

সেই দাস ঈশ্বরের কাছ থেকে চিহ্ন যাঞ্চা করল, “যে কন্যা আমার উটের পিপাসা মিটানোর জন্য জল নিয়ে আসবে সেই হবে উপযুক্ত কনে।” এই কথা বলতে না বলতেই রিবিকা নামের এক কন্যা তার উটের জন্য জল নিয়ে আসল। সে ছিল অব্রাহামের আত্নীয়দের মধ্যে একজন। দাস বুঝতে পারল ঈশ্বর তার প্রার্থনার উত্তর দিয়েছেন।

রিবিকা ইস্‌হাককে বিয়ে করার জন্য তার পরিবার থেকে বেরিয়ে আসল। মায়ের মৃত্যুর পর রিবিকাই তার দেখাশুনার ভার নিল। ইস্‌হাকও তাকে কতইনা ভালবাসত!

ঈশ্বর অব্রাহামের ভালবাসার পরীক্ষা নিলেন।

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

আদিপুস্তক ২২-২৪

তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে
গীতসংহিতা ১১৯ : ১৩০

সমাপ্ত

বাইবেলের এই গল্প মহান ঈশ্বর সম্পর্কে আমাদের শিক্ষা দেয় যিনি আমাদের নির্মান করেছেন এবং তিনি চান যেন আপনি তাঁর সম্পর্কে জানেন।

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন। পাপের শাস্তি হচ্ছে মৃত্যু, কিন্তু ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন। এর পর যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন। যদি আপনি যীশুকে কিশ্বাস করেন এবং আপনার পাপের জন্য তাঁর কাছে ক্ষমা চান, তাহলে তিনি ক্ষমা করবেন। তিনি আসবেন এবং আপনার অন্তরে বাস করবেন, এবং আপনিও তাঁর সংগে অনন্তকাল ধরে থাকবেন।

আপনি যদি এই সত্যকে বিশ্বাস করেন, তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুন: প্রিয় যীশু, আমি বিশ্বাস করি যে তুমি আমার প্রভু, এবং আমার পাপের জন্য তুমি মানুষ হয়ে জন্মেছিলে, আর এখন তুমি আবার জীবিত হয়ে উঠেছো। দয়াকরে আমার জীবনে এসো এবং আমার পাপ ক্ষমা করো, যাতে আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্তকাল ধরে থাকতে পারি। আমাকে সাহায্য কর যেন তোমার সন্তান হিসাবে তোমার বাধ্য থাকতে পারি এবং তোমার জন্য বেঁচে থাকতে পারি। আমেন।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন! যোহন ৩:১৬